

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৬৯৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ নশ্বর দুনিয়ায় একজন মানুষের সেসব গুণাবলী থাকা জরুরী

ذَكَرُ الْإِخْبَارِ عَنِ الْوَصْفِ الَّذِي يَجِبُ أَنْ يَكُونَ الْمَرْءُ فِي هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ

আরবী

696 - أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِسْنَتٍ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ قَزَعَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الطُّفَاوِيُّ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ: أَخَذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَنْكِبِي - أَوْ قَالَ بِمَنْكِبِي - فَقَالَ: (كُنْ فِي الدُّنْيَا كَأَنَّكَ غَرِيبٌ أَوْ عَابِرُ سَبِيلٍ) قَالَ: فَكَانَ ابْنُ عُمَرَ يَقُولُ: إِذَا أَصْبَحْتَ فَلَا تَنْتَظِرُ الْمَسَاءَ وَإِذَا أَمْسَيْتَ فَلَا تَنْتَظِرُ الصَّبَّاحَ وَخُذْ مِنْ صِحَّتِكَ لِمَرْضِكَ وَمِنْ حَيَاتِكَ لِمَوْتِكَ وَقَالَ إِسْحَاقُ: قَالَ الْحَسَنُ بْنُ قَزَعَةَ: مَا سَأَلَنِي يَحْيَى بْنُ مَعِينٍ إِلَّا هَذَا الْحَدِيثَ. الراوي : ابنُ عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 696 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৯৬. আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু তা‘আলা আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার এক কাঁধ অথবা দুই কাঁধ ধরলেন অতঃপর তিনি বলেন, “তুমি দুনিয়ায় এমন হও যেন তুমি একজন প্রবাসী অথবা পথিক।” অধঃস্তন রাবী বলেন, “এরপর আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু তা‘আলা আনহুমা বলতেন, “যখন তুমি সকালে উপনীত হবে, তখন তিনি সন্ধ্যায় উপনীত হওয়ার প্রতীক্ষা করবে না, আর যখন তুমি সন্ধ্যায় উপনীত হবে, তখন তিনি (পরের দিন) সকালে উপনীত হওয়ার প্রতীক্ষা করবে না। তোমার অসুস্থতার আগে সুস্থতাকে আর মৃত্যুর আগে জীবনকে সুযোগ হিসেবে গ্রহণ করো।”[1]

ইসহাক রহিমাহুল্লাহ বলেন, হাসান বিন কাযা‘আহ বলেছেন, “ইয়াহইয়াহ বিন মা‘ঈন এই হাদীস ছাড়া অন্য কোন হাদীস সম্পর্কে আমাকে জিজ্ঞেস করেননি।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৪১৬; সুনান আল বাইহাকী: ৩/৩৬৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৫৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89198>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন